দৈনিক ইত্তেফাক

তারিখ SEP. 17 2002
পৃষ্ঠা ৫ কলাম ২




*পার্বত্য চট্টগ্রামে সকল জাতিসত্তার মাতৃভাষায় প্রাথমিক শিক্ষালাভ ও জাতিসত্তার প্রতি অবমাননাকর যেকোন বক্তব্য পাঠ্য পুস্তক থেকে বাদ দেয়ার দাবিতে গতকাল পাহাড়ী ছাত্র পরিষদ রাজধানীতে বিক্ষোভ মিছিল বের করে*
*—ইত্তেফাক*

# পাঁচ দফা বাস্তবায়নের দাবিতে পাহাড়ি ছাত্র পরিষদের স্মারকলিপি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ শিক্ষা সম্পর্কিত ৫ দফা বাস্তবায়নের দাবিতে পাহাড়ী ছাত্র পরিষদ গতকাল সোমবার দুপুরে শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করেছে। তার আগে মুক্তাঙ্গনে এক সমাবেশে পরিষদের নেতৃবৃন্দ অবিলম্বে ৫ দফা দাবি মেনে নেয়ার আহ্বান জানান। সমাবেশে বক্তব্য রাখেন মিঠুন চাকমা, রূপন চাকমা, অনুতোষ চাকমা, রূইসা অং মারমা, পিন্টু চাকমা, প্রুচিং থোয়াই মারমা ও মিন্টু বিকাশ চাকমা। সমাবেশের পর ৫ সদস্যের একটি প্রতিনিধিদল শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করেন।

৫ দফা দাবি হলো পার্বত্য চট্টগ্রামে সকল জাতিসত্তার মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা লাভের অধিকার নিশ্চিত করা, জাতিসত্তার প্রতি অবমাননাকর যেকোন বক্তব্য পাঠ্যপুস্তক থেকে বাদ দেয়া, পাহাড়ী জাতিসত্তার সঠিক ও সংগ্রামী রাজনৈতিক ইতিহাস সংবলিত পুস্তক পার্বত্য চট্টগ্রামের স্কুল ও কলেজের পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা, বাংলাদেশের সকল জাতিসত্তার সংক্ষিপ্ত সঠিক তথ্য সংবলিত পরিচিতিমূলক পুস্তক বাংলাদেশের জাতীয় শিক্ষাক্রমে অন্তর্ভুক্ত করা এবং পার্বত্য কোটা বাতিল করে পাহাড়ী কোটা চালু করা।